



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।

ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০

E-mail: info@dsc.gov.bd www.dsc.gov.bd



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০০০.১৩.০২. ৩০৭১.২০২৩

তারিখঃ ...০২/০৩/২০২৩ খ্রি.

“দ্বিতীয় দফা”

## -ঃ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র অর্থায়নে সূত্রাপুরস্থ নবনির্মিত পরিচ্ছন্ন নিবাস (মোট ১৭৫ টি বাসা) এ বাসা বরাদ্দের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আত্মহী পরিচ্ছন্নকর্মীগণ কে নিম্নোক্ত বিষয়গুলো প্রতিপালনপূর্বক বাসা বরাদ্দের আবেদন দাখিল করার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

- শুধুমাত্র সাচিবিক আদেশে নিয়োজিত দৈনিক মজুরী ভিত্তিক শুধুমাত্র মুসলিম পরিচ্ছন্নকর্মীগণ আবেদন করতে পারবেন।
- দৈনিক মজুরী ভিত্তিক অপরাপর কর্মচারী যেমনঃ ঠিকায় নিয়োজিত পরিচ্ছন্নকর্মী, মশককর্মী, দক্ষ ও অদক্ষ শ্রমিক, পরিবহন চালক, মালি, প্রহরী, বৈদ্যুতিক সহকারী, অফিস সহায়ক ইত্যাদি কর্মচারীগণ আলোচ্য পরিচ্ছন্ন নিবাসে বাসা বরাদ্দের নিমিত্ত যোগ্য বিবেচিত হবে না।
- দ্বিতীয় দফায় আগামী ০৭ মার্চ, ২০২৩ হতে ১৩ মার্চ, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে আবেদনকারীর প্রাপ্যতা যাচাইকরণ এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ আবেদন গ্রহণের নিমিত্ত আত্মহী প্রার্থীদেরকে অফিস চলাকালীন সময়ে উপস্থিত থাকতে হবে।
- ইতোমধ্যে বাসা/কোয়ার্টার বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ পুনরায় বাসা বরাদ্দের আবেদন করতে পারবেন না (এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- স্বামী অথবা স্ত্রী যেকোন একজনের নামে ইতোমধ্যে বাসা/কোয়ার্টার বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ পুনরায় বাসা বরাদ্দের আবেদন করতে পারবেন না (এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- পরিচ্ছন্নকর্মীর বাসা বরাদ্দের আবেদনপত্র টাদসিক'র সম্পত্তি বিভাগ এবং বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ (কেন্দ্র ও অঞ্চল) হতে সংগ্রহপূর্বক চাহিত সকল তথ্য-উপাত্ত যথাযথভাবে সংযুক্ত করে আগামী ০৭ মার্চ, ২০২৩ হতে ১৩ মার্চ, ২০২৩ খ্রি. তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে স্থাপিত কাউন্টারে স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

*[Handwritten signature]*

*[Handwritten signature]*  
মোঃ রাসেল সাবরিন  
(উপ-সচিব)  
প্রধান সম্পত্তি কর্মকর্তা  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
ফোন : ০২২২৩৩৮৫৯৮৬

### কার্যার্থে অনুলিপি :

- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, টাদসিক। (আগামী ০৭ মার্চ, ২০২৩ হতে ১৩ মার্চ, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে কাউন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ এবং কাউন্টারে দায়িত্ব পালনের নিমিত্ত প্রতিনিধি নির্বাচনের জন্য অনুরোধ করা হলো)
- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), টাদসিক। (বিজ্ঞপ্তিটি আঞ্চলিক কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- সিস্টেম এ্যানালিস্ট, টাদসিক। (বিজ্ঞপ্তিটি টাদসিক'র ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, টাদসিক। (সকল পরিচ্ছন্ন পরিদর্শকের মাধ্যমে বিষয়টি পরিচ্ছন্নকর্মীবৃন্দকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- সহকারী সচিব, সংস্থাপন শাখা-৩, টাদসিক। (সাচিবিক আদেশ/তথ্য-উপাত্ত যাচাইয়ের নিমিত্ত একজন উপযুক্ত প্রতিনিধি নির্বাচনপূর্বক আগামী ০৭ মার্চ, ২০২৩ হতে ১৩ মার্চ, ২০২৩ খ্রি. তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে স্থাপিত কাউন্টারে দায়িত্ব পালনের নিমিত্ত প্রেরণের অনুরোধ করা হলো)
- সহকারী সচিব, প্রশাসন শাখা, টাদসিক। (বিজ্ঞপ্তিটি টাদসিক'র কেন্দ্রীয় নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

### সদয় অবগতির জন্য অনুলিপি :

- সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)
- প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (প্রনিক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- নথি/অফিস কপি।

আপনার শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌরকর পরিশোধ করুন।